

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd



“শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার”

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১১.২২-০৩৪

তারিখঃ ০৪/০৪/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প আওতায় ল্যাপটপ ক্রয়ের কারিগরি বিনির্দেশ
(Technical Specification) বিষয়ে মতামত।**

সূত্রঃ-বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের স্মারক নং-১৩.০২.০০০০.৭৫১.০১৪.০২৬.২০২১.১৬৩; তারিখঃ ১৪/০৩/২০২৩ ইং

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ২৯(৩) অনুযায়ী দরপত্র দলিলে ক্রয় পণ্যের ট্রেডমার্ক বা পণ্যের ব্যবসায়িক নাম, পেটেন্ট, নকশা বা ধরণ, নির্দিষ্ট উৎস, দেশের নাম, উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যাবে না মর্মে নির্দেশনা আছে। যে ক্ষেত্রে কোন নির্দিষ্ট পণ্যের কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রণয়ন করার ক্ষেত্রে ক্রয়কারীর পর্যাপ্ত কারিগরি দক্ষতা নেই, কেবল সে ক্ষেত্রেই ক্রয়কারী কোন সুনির্দিষ্ট ব্র্যান্ডের পণ্যের বিবরণ উল্লেখ করে বিনির্দেশে “বা একইরূপ বা সমতুল্য” শব্দসমূহ যোগ করতে পারে।

০২। সূত্রস্থ পত্রে সংযুক্ত Technical Specification অংশটি পর্যালোচনায় দেখা যায় ক্রমিক নং-৩ এ Company Origin এর বিপরীতে সুনির্দিষ্ট কতিপয় দেশের নাম উল্লেখ করা হয়েছে যা পিপিআর ২০০৮ এর বিধি ২৯(৩) এর শর্তের ব্যত্যয়।

০৩। সূত্রস্থ পত্রের বিষয়ে আরো জানানো যাচ্ছে যে, ক্রয় পণ্যের গুনগতমান নিশ্চিতকল্পে বিধি ২৯(২)(খ) ও (৫) এর নির্দেশনা অনুযায়ী ক্রয়কারী জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে সুখ্যাতিপূর্ণ প্রতিষ্ঠানের মানদণ্ড অনুসরণ করতে পারে। তবে বিধি ৪(৫) এর শর্তানুযায়ী কারিগরি বিনির্দেশ যেন অসীমাবদ্ধকর এবং পক্ষপাতহীন ও উন্মুক্ত প্রতিযোগিতা নিশ্চিত করে সে বিষয়ে ক্রয়কারীকে সতর্ক থাকতে হবে।

০৪। এ অবস্থায়, সূত্রস্থ পত্রে বর্ণিত বিষয়ে উপর্যুক্ত অনুচ্ছেদ ১, ২ ও ৩ এর মতামতের প্রেক্ষিতে বর্ণিত দরপত্রের বিষয়ে ক্রয়কারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

০৫। সূত্রে উল্লিখিত পত্রের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে মতামত প্রদান করা হলো।

(মোঃ সাখাওয়াত হোসেন)

উপপরিচালক

ফোনঃ ০২-৯১৮০৮৪১

Email: sakhawat.hossain@imed.gov.bd

সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ও প্রকল্প পরিচালক

বিএসএল অফিস কমপ্লেক্স ভবন-২ (লেভেল-৪)

১১৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।